

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-Assam- West Bengal :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল আসামের শিলচর থেকে ২৩ হাজার ৫৫০ কোটি টাকার বেশি মূল্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের সূচনা করেছেন। শিলচরের অম্বিকাপুরে তিনি প্রায় ২২ হাজার ৮৬৪ কোটি টাকা ব্যয়ে শিলচর উচ্চগতির করিডর, প্রায় ৫৬৫ কোটি টাকা ব্যয়ে শিলচর শহরের উড়ালপুল এবং প্রায় ১২২ কোটি টাকা ব্যয়ে করিমগঞ্জ জেলার পাথারকান্দিতে একটি কৃষি মহাবিদ্যালয় নির্মাণের জন্য ভূমিপূজন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, দক্ষিণ আসামের বরাক উপত্যকা ভারতকে দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে যুক্ত করার একটি গুরুত্বপূর্ণ সেতু হিসেবে গড়ে উঠছে। তিনি বলেন, বর্তমানে উত্তর-পূর্বাঞ্চল ভারতের অ্যাক্ট ইন্ট নীতি বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করছে। পরিকাঠামো উন্নয়নের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, শিলচর-শিলং উচ্চগতির করিডর তৈরি হলে এটি উত্তর-পূর্বাঞ্চলের প্রথম নিয়ন্ত্রিত প্রবেশাধিকারসম্পন্ন উচ্চগতির এক্সপ্রেস সড়ক হবে। প্রধানমন্ত্রী আরও বলেন, শিলচরে জাতীয় সড়ক ৩০৬-এ উঁচু সড়ক করিডর নির্মিত হলে মিজোরাম, ত্রিপুরা ও মণিপুরের সঙ্গে যোগাযোগ আরও উন্নত হবে এবং বরাক উপত্যকার অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করবে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল কলকাতায় প্রায় আঠারো হাজার ছয়শো আশি কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, এসব প্রকল্প পশ্চিমবঙ্গসহ সমগ্র পূর্ব ভারতের উন্নয়নে নতুন গতি আনবে। তিনি বলেন, এর ফলে বাণিজ্য, শিল্প ও যোগাযোগ ব্যবস্থা আরও শক্তিশালী হবে এবং সাধারণ মানুষের যাতায়াত সহজ হবে।

Public meeting- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এক ভারত শ্রেষ্ঠ ভারত ও এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে এডিসি এলাকার সার্বিক উন্নয়ন অপরিহার্য। গতকাল ধলাই জেলার ধুমাছড়াতে এক জনসমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, জনজাতি অংশের জনগণের উন্নয়ন রাজ্য সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তাদের আর্থিক অবস্থার উন্নতির জন্য মুখ্যমন্ত্রী জনজাতি উন্নয়ন যোজনা চালু করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে, জনজাতি পরিবারগুলিকে পশুপালন সহ বিভিন্ন জীবিকা নির্বাহের কাজে নিয়োজিত করার মাধ্যমে তাদের আয় বৃদ্ধির সুযোগ তৈরি করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান রাজ্য সরকার জনজাতিদের উন্নয়নের জন্য সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ। সমাবেশে বিজেপি'র প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

National Lok Adalat :

ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা ও মহকুমা আদালতে গতকাল এবছরের প্রথম জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে নিষ্পত্তির জন্য ২৬ হাজার ৬১৮ টি মামলা তোলা হয়েছে। নিষ্পত্তি হয়েছে ১৪ হাজার ৬১৮ টি মামলা।

Supreme Court justice Ujjal Bhuiya :

সুপ্রিম কোর্টের বিচারপতি উজ্জ্বল ভূঁইয়া গতকাল নরসিংগড়ে জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বলেছেন, ভারতের সংবিধান শুধু একটি আইনি দলিল নয়। এটি সমতা, ন্যায়বিচার ও ভ্রাতৃত্বের ভিত্তিতে গড়ে ওঠা একটি শক্তিশালী সামাজিক চুক্তি। ভবিষ্যতের আইনজীবী ও বিচারকদের দায়িত্ব হবে এই মূল্যবোধকে রক্ষা ও আরও সমৃদ্ধ করা। গতকাল নরসিংগড় জুডিশিয়াল একাডেমিতে অপাংশু মোহন লোধ স্মারক বক্তৃতা অনুষ্ঠানে একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ যোগেশ প্রতাপ সিং, রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন অরিন্দম লোধ প্রমুখ। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এম.এস. রামাচন্দ্র রাও।

External Affairs Ministry :

বিদেশ মন্ত্রণালয়ের মুখপাত্র রনধীর জয়সওয়াল বলেছেন যে, দেশে বর্তমানে কৃষি সারের যথেষ্ট মজুত রয়েছে, বিশেষত এই বছরের আসন্ন খরিফ মরসুমের কথা বিবেচনা করে মজুত রয়েছে শ্রী জয়সওয়াল গতকাল নয়াদিল্লিতে মিডিয়া ব্রিফিংয়ে একথা জানান। তিনি উল্লেখ করেন যে, দেশের ইউরিয়ার স্টক গত বছরের একই সময়ের চেয়ে বেশি, এবং ডায়ামোনিয়াম ফসফেট (ডিএপি)-এর স্টক গত বছরের তুলনায় দ্বিগুণ হয়েছে। তিনি আরও বলেন যে, নাইট্রোজেন, ফসফরাস এবং পটাশিয়াম (এনপিকে) সারের প্রাপ্যতাও গত বছরের একই সময়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। তিনি জানান, আন্তর্জাতিক সংস্থাগুলো ভারতে কৃষি সারের জোগান নিরবচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার আশ্বাস দিয়েছে।

Ambedkar Merit Scholarship- Khowai :

অদ্বৈত মল্লবর্মণ-এর ১১২তম জন্মবার্ষিকী উদযাপন ও ডঃ বি আর আম্বেদকর খোয়াই জেলাভিত্তিক মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠান গতকাল কল্যাণপুরের লোটারাস কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। উপস্থিত ছিলেন খোয়াই জেলা পরিষদের সভাপিনেত্রী অপর্ণা সিংহ রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে রাজ্যের বিভিন্ন অংশে। সঙ্গে বিক্ষিপ্তভাবে ঝড়ো বা দমকা হাওয়া বয়ে যাওয়ারও সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সারাদিনে বৃষ্টি পাতের পরিমাণ ছিল ০.৩ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।
